ভোরের কাগজ

MAR 14 2001

ভোরের কাগজ
তারিখ ........
পৃষ্ঠা ১৭ কলাম ......

## কাল থেকে এসএসসি পরীক্ষা

# এবার ক্যাডেট কলেজগুলোও নিজ
# কেন্দ্রের বাইরে, ব্যতিক্রম সিলেট

মানস ঘোষ : কাল থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষায় এবারই প্রথম একম
ব্যতিক্রম সিলেট ক্যাডেট কলেজ বাদে বাকি ৯টি ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা নি
কলেজে বসে পরীক্ষা দেওয়ার বাড়তি সুবিধা পাবে না। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বে
এবারই প্রথম ক্যাডেট কলেজের ছাত্রছাত্রীদের জন্য পাবলিক পরীক্ষায় ভিন্ন কে
পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেছে।

প্রসঙ্গত কাল থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষায় নবগঠিত সিলেট ও বরিশ
বোর্ডসহ মোট ৭টি শিক্ষা বোর্ডের আওতায় সারা দেশে ৮৫৩টি কেন্দ্র রয়েছে। পূবে
সিদ্ধান্ত অনুযায়ী এবার কোনো কেন্দ্রেই ঐ প্রতিষ্ঠানের পরীক্ষার্থীর আসন রাখা হয়নি
এজন্য কোথাও কোথাও ভিন্ন ভেন্যুও করতে হয়েছে। ৩১ মার্চ শেষ হওয়া এসএস
পরীক্ষায় মোট ৮ লাখ ৩৩ হাজার ৪৫ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

ইতিপূর্বে ক্যাডেট কলেজের পরীক্ষার্থীদের কখনই নিজ কলেজের বাইরে গি
পরীক্ষা দিতে হয়নি। গত কয়েক বছর ধরে ঢাকা মহানগরসহ বেশ কয়েকটি বড়ো শহ
কেন্দ্রের নিজস্ব বিদ্যালয়ের পরীক্ষার্থীদের আসন ভিন্ন ভেন্যুতে করা হলেও ক্যাডে
কলেজকে এর আওতায় আনা সম্ভব হয়নি। এমনকি এবছরও এই ব্যবস্থা কার্যকর ক
সম্ভব হবে না বলেই বোর্ডের অনেক কর্মকর্তা মনে করছিলেন।

চলতি বছরের এসএসসি পরীক্ষায় কোনো পরীক্ষার্থীরই আসন নিজ প্রতিষ্ঠা
থাকবে না — শিক্ষা মন্ত্রণালয়ের এ নির্দেশ জানার পরও শুরুতে ক্যাডেট কলেজ
বোর্ডগুলো এই নির্দেশের বাইরে রাখে। একমাত্র চট্টগ্রাম বোর্ড ছিল এর ব্যতিক্রম
চট্টগ্রাম বোর্ড প্রথমেই ফৌজদারহাট ক্যাডেট কলেজের পরীক্ষার্থীদের কেন্দ্র নির্ধারণ কে
নূরুল হক কাউলী উচ্চ বিদ্যালয়ে।

গত ১ মার্চ শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সকল বোর্ডের চেয়ারম্যানদের এক সভ
চট্টগ্রাম বোর্ডের এই উদাহরণ নিয়ে আলোচনা হয়। সভার সভাপতি শিক্ষা সচিব 
সা'দত হুসাইন অন্যান্য বোর্ডকেও নিজ নিজ ক্যাডেট কলেজের কেন্দ্র অবিল
পরিবর্তনের নির্দেশ দেন। এরপরই সিদ্ধান্তটি কার্যকর হয়।

তবে একমাত্র সিলেট বোর্ড সিদ্ধান্তটি পুরোপুরি কার্যকর করেনি। বোর্ড চেয়ারম্যা
অধ্যাপক মোঃ নাজিমউদ্দিন টেলিফোনে জানিয়েছেন, সিলেট ক্যাডেট কলেজে
পরীক্ষার্থীরা নিজ কলেজে বসেই পরীক্ষা দেবে। তবে কক্ষ পরিদর্শকের দায়িত্বে ক্যাডে
কলেজের শিক্ষকরা থাকবেন না। ক্যাডেট কলেজে কক্ষ পরিদর্শক থাকবেন বাইরে
স্কুলের শিক্ষক। তিনি আরো জানিয়েছেন, সিলেট ক্যাডেট কলেজ থেকে এবার ৪৯ জ
পরীক্ষার্থী পরীক্ষা দেবে। এ স্বল্প সংখ্যক ছাত্রের জন্য তাই নতুন কেন্দ্র খোলা হয়নি
তবে প্রয়োজন মনে করলে বোর্ড ক্যাডেট কলেজের জন্য ভিন্ন কেন্দ্র খুলতে প্রস্তুত ব
চেয়ারম্যান জানিয়েছেন।

এছাড়া ঢাকা বোর্ড মির্জাপুর ক্যাডেট কলেজ ও ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলে
যশোর বোর্ড ঝিনাইদহ ক্যাডেট কলেজ, কুমিল্লা বোর্ড কুমিল্লা ক্যাডেট কলে
রাজশাহী বোর্ড রংপুর ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ ও রাজশাহী ক্যাডে
কলেজ এবং বরিশাল বোর্ড বরিশাল ক্যাডেট কলেজের পরীক্ষার্থীদের জন্য ভিন্ন কে
এসএসসি পরীক্ষার ব্যবস্থা করেছে।